নারী ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের কার্যাবলী

১. (ক) নারী উন্নয়নে জাতীয় নীতি নির্ধারণ;
(খ) শিশুদের জন্য জাতীয় নীতি নির্ধারণ;

২. নারী ও শিশুদের উন্নয়ন ও কল্যাণে কর্মসূচী গ্রহণ;

৩. নারী ও শিশুদের আইনগত ও সামাজিক অধিকার প্রতিষ্ঠা সংক্রান্ত বিষয়াবলী সম্পাদন;

৪. নারী ও শিশু সমস্যাদি চিহ্নিতকরণ এবং সচেতনতা বৃদ্ধির জন্য সংশ্লিষ্ট তথ্যাদির আদান-প্রদান ও প্রচারের ব্যবস্থা গ্রহণ;

৫. নারীদের ক্ষমতায়ন ও কর্মসংস্থানের লক্ষ্যে প্রয়োজনীয় কর্মসূচী গ্রহণ;

৬. (ক) জাতীয় মহিলা উন্নয়ন পরিষদ সংক্রান্ত কার্যক্রম;
(খ) শিশু বিষয়ক জাতীয় পরিষদ সংক্রান্ত কার্যক্রম;

৭. (ক) মহিলা বিষয়ক অধিদপ্তর এর কার্যক্রম তদারকিকরণ;
(খ) জাতীয় মহিলা সংস্থা এর কার্যক্রম তদারকিকরণ;
(গ) বাংলাদেশ শিশু একাডেমী এর কার্যক্রম তদারকিকরণ;
(ঘ) জয়িতা ফাউন্ডেশন এর কার্যক্রম তদারকিকরণ;
(ঙ) ডিএনএ ল্যাবরেটরি ব্যবস্থাপনা অধিদপ্তর এর কার্যক্রম তদারকিকরণ;

৮. WID (Women in Development) ফোকাল পয়েন্টস এর মাধ্যমে WID বিষয়ক বিভিন্ন মন্ত্রণালয়ের কার্যক্রম সমন্বয় সাধন ও পরিবীক্ষণকরণ;

৯. নারী উন্নয়নের বিষয়ে অবদান রাখার জন্য নারী উন্নয়ন মূলক সংগঠন ও সুশীল সমাজকে উৎসাহ প্রদান ও তাদের সাথে যোগাযোগ রক্ষাকরণ;

১০. সকল স্বেচ্ছাসেবী মহিলা সংগঠন নিবন্ধন ও নিয়ন্ত্রণের ব্যবস্থা গ্রহণ;

১১. নারী ও শিশুদের বিরুদ্ধে সহিংসতা রোধের কার্যক্রম গ্রহণ;

১২. নারীর সমঅধিকার এবং নারী ও শিশু উন্নযন সংক্রান্তে বিভিন্ন আন্তর্জাতিক সংগঠন/সংস্থার সাথে যোগাযোগ রক্ষাকরণ এবং এতদসংক্রান্ত চুক্তি স্বাক্ষরকরণ;

১৩. নিম্নবর্ণিত দিবস পালন:
(ক) ০৮ মার্চ: আন্তর্জাতিক নারী দিবস;
(খ) ২৯ সেপ্টেম্বর-০৫ অক্টোবর: বিশ্ব শিশু দিবস ও শিশু অধিকার সপ্তাহ;
(গ) ৯ ডিসেম্বর: বেগম রোকেয়া দিবস;

১৪. (ক) বেগম রোকেয়া পদক;
(খ) জয়িতা পদক;
(গ) জাতীয় শিশু প্রতিযোগিতা পুরস্কার বিতরণী অনুষ্ঠান;

১৫. বিভিন্ন মন্ত্রণালয় ও সংস্থার সাথে শিশু বিষয়ক কার্যক্রমের সমন্বয় সাধন;

১৬. শিশু বিষয়ক কার্যক্রম সংক্রান্তে ইউনিসেফ সহ সংশ্লিষ্ট অন্যান্য আন্তর্জাতিক সংগঠন/সংস্থার সাথে যোগাযোগ রক্ষাকরণ;

১৭. বিভিন্ন আন্তর্জাতিক সংগঠন/সংস্থার সাথে যোগাযোগ রক্ষাকরণ এবং মন্ত্রণালয়ের কার্যক্রম সংক্রান্ত বিষয়ে অন্যান্য দেশ ও বিশ্ব সংস্থার সাথে চুক্তি সম্পাদন;

১৮. মন্ত্রণালয়ের কার্যক্রম সম্পর্কিত বিভিন্ন জিজ্ঞাস্য ও পরিসংখ্যান প্রদান;

১৯. মন্ত্রণালয়ের কার্যক্রম সংশ্লিষ্ট সকল আইন;

২০. আদালতে গ্রহণকৃত ফি ব্যতীত মন্ত্রণালযের কার্যক্রম সম্পর্কিত অন্যান্য ফি।